



Embassy of the People's Republic  
of Bangladesh  
Tokyo

নং: ১৯.০১.৮১০১.৭০০.০১.০০২.২২-৭৭৯

তারিখ: ৩০/১০/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪” ও “জাতীয় প্রবাসী দিবস-২০২৪” উপলক্ষে প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্ণিত স্মরণিকায় প্রকাশের নিমিত্ত নিম্নলিখিত বিষয়সমূহের উপর সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসমৃদ্ধ ব্যক্তিগণ, প্রবাসী ব্যক্তি এবং সরকারি কর্মচারীদের নিকট হতে লেখা আহ্বান করা হয়েছেঃ

- (i) সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান,
- (ii) বৈদেশিক চ্যালেঞ্জ ও প্রবাসী,
- (iii) প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ করণীয়,
- (iv) বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব,
- (v) নিরাপদ অভিবাসন,
- (vi) অভিবাসনে সুশাসন,
- (vii) অভিবাসনে বাংলাদেশের অর্জন,
- (viii) Reintegration,
- (ix) প্রবাসীদের সফলতার গল্প।

এমতাবস্থায়, জাপানে বসবাসরত আগ্রহী বাংলাদেশি নাগরিকগণকে নিম্নোক্ত তথ্যাবলীসহ উল্লিখিত যে কোনো বিষয়ে সর্বোচ্চ ১২০০ শব্দের মধ্যে ( বাংলার ক্ষেত্রে Nikosh, ইংরেজির ক্ষেত্রে Times New Roman-এ Font Size-12 ব্যবহার করে) আগামী ১০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, প্রাপ্ত লেখাসমূহ যাচাই-বাচাই পূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হবে।

[mission.tokyo@mofa.gov.bd](mailto:mission.tokyo@mofa.gov.bd)  
[fslabor@mofa.gov.bd](mailto:fslabor@mofa.gov.bd)

- ০১। নাম ও পাসপোর্ট নম্বর
- ০২। স্থায়ী ঠিকানা
- ০৩। বর্তমান ঠিকানা (মোবাইল নম্বর সহ)
- ০৪। বর্তমান পেশা ও কর্মস্থল
- ০৫। লেখনীর বিষয় এবং
- ০৬। পাসপোর্ট সাইজের রঙিন ছবি।



বাংলাদেশ দূতাবাস কর্তৃপক্ষ